ঢাকা ওয়াসা

১) ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধীত বার্ষিক ক্রয়পরিকল্পনা।
২) পূর্বানুমোদিত দর।
৩) প্রাক্কলন।

বিষয়:- Removal of Sewer line Blockage to ensure the proper functioning of the sewerage lines by keeping them operational, addressing overflows, and repairing and maintaining the manholes at Inside of National Stadium area the jurisdiction of MODS Zone-6.Dhaka WASA.. এর প্রাক্কলণ অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ নং-১

মডস জোন-৬ ঢাকা ওয়াসার একটি অন্যতম বৃহত্তম জোন। অত্র জোনের আওতাধীন এলাকায় বাংলাদেশ সচিবালয়, মাননীয় প্রধান বিচারপতি, রাষ্ট্রপতি, মাননীয় প্রধান উপদেষ্টার বাসবভন ও কার্যালয়, রাষ্ট্রীয় অতিথি ভবন, সচিবসহ রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ পদে আসীন বহু ব্যক্তির্গের বসবাস। এম.আই.এস রিপোর্ট (জানুয়ারী/২০২১) অনুযায়ী অত্র জোনে বিভিন্ন ব্যাসের প্রায় ১৪১ কিলোমিটার পয়ঃ লাইন এবং প্রায় ৪১০০ ম্যানহোল ও ওয়াই পিট বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইন দ্বারা অত্র জোনের গ্রাহকদের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সংযোগের বিল বাবদ ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। সুষ্ঠু পয়ঃ ব্যবস্থাপনা বজায় রাখতে বাৎসরিক ভিত্তিতে মাস্ ক্লিনিং কাজ করা হয়। বর্তমানে জোনের আওতাধীন জাতীয় স্টেডিয়াম,কাবাডি স্টেডিয়াম,সরকারী কর্মচারী হাসাপাতাল সহআশেপাশের এলাকায় পয়ঃ লাইনে ব্লকেজের কারণে ফ্লো বাধাপ্রাপ্ত হয়ে অনেকাংশে ওভারফ্লো হয়ে পরিবেশ দূষিত হয় ফলে জনস্বাস্থ্য ক্ষতিগ্রস্থ হচ্ছে। প্রায়শই পয়ঃ ওভার ফ্লো এর অভিযোগ আসছে। সুষ্ঠুভাবে পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষন রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে নিয়মিত পয়ঃ লাইন পরিস্কার/ পয়ঃ ম্যানহোল মেরামত ও রক্ষনাবেক্ষন করার প্রয়োজন হয়। তদপ্রেক্ষিতে উর্দ্ধতন কতৃপক্ষের নির্দেশনা মোতাবেক বর্নিত এলাকার পয়ঃ লাইনের ওভার ফ্লো নিরসন, ব্লকেজ সাড়ানো, জরুরী প্রয়োজনে পরিস্কার তথা পয়ঃ লাইনের প্রবাহ চালু রাখার স্বার্থে কাজটি করার জন্য চলতি ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধীত ক্রয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়।

অনুচ্ছেদ ২

উপরোক্ত বর্ণনার আলোকে মডস জোন -৬ এর আওতাধীন বিভিন্ন এলাকায় বিদ্যমান পয়ঃ লাইনের ওভারফ্লো নিরসন ও বিদ্যমান লাইনের প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষন রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে নিয়মিত পয়ঃ লাইন পরিস্কার/ মেরামত ও রক্ষনাবেক্ষন কাজ করার লক্ষ্যে PWD-2023 মোতাবেক একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলণে সর্বমোট ব্যায়ের পরিমান দাঁড়িয়েছে ৪,৯৭,৪০৬.৩৭/- (চার লক্ষ সাতানব্বই হাজার চারশত ছয় পয়েন্ট তিন সাত) টাকা মাত্র। উক্ত কাজটি অত্র মডস জোনের চলতি ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধীত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-112, প্যাকেজ নং-23 (বাজেট কোড-পয় লাইন রক্ষণাবেক্ষন খাত: 01-04-002) এ LTM (e-GP) পদ্ধতিতে সম্পাদনের জন্য অন্তর্ভুক্ত রয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য যে, উক্ত ক্রয় কাজটি সম্পাদনে Procuring Entity (PE) হিসেবে নির্বাহী প্রকৌশলী, মড্স জোন-০৬ দায়িত্বপালন করবেন এবং PE কর্তৃক ক্রয় কাজের দরপত্র প্রণয়ন, দরপত্র আহ্বান, NOA ইস্যু এবং চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনা সম্পাদিত হবে। অনুমোদিত APP মোতাবেক এবং ঢাকা ওয়াসার ২০০৬ সালের অনুমোদিত Sub-DoFP অনুযায়ী আলোচ্য ক্রয় কাজটির আর্থিক, প্রশাসনিক ও চুক্তি অনুমোদনের ক্ষমতা "প্রধান প্রকৌশলী" মহোদয়ের আওতাধীন।

অনুচ্ছেদ নং- ৩

এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে Removal of Sewer line Blockage to ensure the proper functioning of the sewerage lines by keeping them operational, addressing overflows, and repairing and maintaining the manholes at Inside of National Stadium area the jurisdiction of MODS Zone-6. Dhaka WASA. কাজটি জরুরী ভিত্তিতে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে।

ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য সর্বমোট = ৪,৯৭,৪০৬.৩৭/- (চার লক্ষ সাতানব্বই হাজার চারশত ছয় পয়েন্ট তিন সাত) টাকার প্রাক্কলণটিঅনুমোদন।

খ) পিপিআর-২০২৫ এর বিধি ৮০(১)/ঘ অনুযায়ী সীমিত দরপত্র পদ্ধতি LTM (e-GP) অনুসরনে সম্পন্ন করা যেতে পারে।

গ) আলোচ্য উক্ত কাজটি অত্র মডস জোনের চলতি ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধীত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- নং- 112, প্যাকেজ নং-23 (বাজেট কোড-পয় লাইন রক্ষণাবেক্ষন খাত: 01-04-002) হতে নির্বাহ করার অনুমোদন।

উপরোক্ত প্রস্তাবনা সমূহ **প্রধান প্রকৌশলী** মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য সবিনয়ে পেশ করা হ'ল।

AE EE CE

শাহাদাৎ হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
মড্স জোন-৬, ঢাকা ওয়াসা।

কাজী আঃ রহমান
20/05/26
কাজী আঃ রহমান
সহকারী প্রকৌশলী
মড্স জোন-৬, ঢাকা ওয়াসা।

20.05.26

21/05/26
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-১, ঢাকা ওয়াসা।

৪। প্রস্তাব অনুমোদিত,

SE, Zone 6

21/05/26
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।